



ইরানে হামলা করলে আঞ্চলিক যুদ্ধ শুরু হবে: খামেনি



ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা খামেনি। ছবি: সংগৃহীত

ইরানের ওপর কোনো আগ্রাসন হলে তার জবাব কঠোরভাবে দেওয়া হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন দেশটির সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলি খামেনি।

আত্মগোপনের গুপ্তনের মধ্যেই প্রকাশ্যে এসে তিনি যুক্তরাষ্ট্রের উদ্দেশে এই সতর্কবার্তা দেন।

রোববার (১ ফেব্রুয়ারি) সিবিসি নিউজ প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

খামেনি বলেন, ইরানের বিরুদ্ধে হামলা আঞ্চলিক সংঘাতে রূপ নিতে পারে। যুক্তরাষ্ট্র যুদ্ধজাহাজ পাঠানোর কথা বললেও ইরানি জনগণ এতে ভীত বা বিচলিত নয়। ন্যায্য সংঘর্ষেও তারা পিছু পড়া হয় না। ইরান নিজে থেকে কোনো সংঘাত শুরু করে না, তবে আক্রমণের মুখে কঠোর জবাব দিতে প্রস্তুত।

উত্তেজনা প্রশমনে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে আলোচনা চলছে বলে জানিয়েছেন দেশটির জাতীয় নিরাপত্তা উপদেষ্টা আলি লারিজানি।

এর আগে তেহরানে ইসলামী বিপ্লব স্মরণসভায় খামেনি বলেন, যুক্তরাষ্ট্র ইরানের তেল, গ্যাস ও অন্যান্য প্রাকৃতিক সম্পদের নিয়ন্ত্রণ নিতে আগ্রহী। অতীতের মতো সেই পরিস্থিতি আর ফিরতে দেওয়া হবে না বলেও তিনি উল্লেখ করেন।